



## বাংলাদেশ চা বোর্ড

প্রধান কার্যালয়  
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড  
নাসিরাবাদ, চট্টগ্রাম

স্মারক নং-বিটিবি/বাগানকোষ-১৩/৯৬(পার্ট-৩)-২০৫(৫)

তারিখ: ২৫/০৪/২০১৮

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চা বোর্ড প্রধান কার্যালয় চট্টগ্রাম নিয়ন্ত্রণাধীন চা বাগান ব্যবস্থাপনা কোষ এ নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা
০১	হিসাব রক্ষণ কর্মকর্তা চা বাগান ব্যবস্থাপনা কোষ বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম। বেতনস্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯)	০১ (এক)টি	বানিজ্যে সন্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। সন্মান এবং স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণীর ডিগ্রী/সিজিপিএ-৩.০০ থাকতে হবে। কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত বা বাণিজ্যিক নিরীক্ষা অফিসে হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

### শর্তাবলীঃ

- ০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: [teaboard.portal.gov.bd](http://teaboard.portal.gov.bd)-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।
- ০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরির প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫ × ৫ সে. মি. সাইজের রঞ্জন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) ; এবং খ) সচিব , বাংলাদেশ চা বোর্ড , চট্টগ্রাম এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।
- ০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ০৪। প্রার্থীদের বয়স ২৭/০৫/২০১৮ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়স সীমা প্রযোজ্য হবে।
- ০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ০৬। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।
- ০৭। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬ , তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- ০৮। চাকরির আবেদন সচিব , বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ২৭/০৫/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৯। চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌঁছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।
- ১০। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে লিখতে হবে।
- ১১। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।
- ১৪। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০ "×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।
- ১৫। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বা/:

চেয়ারম্যান  
বাংলাদেশ চা বোর্ড  
এর পক্ষে সচিব